"স্মার্ট পরিসংখ্যান
উন্নয়নের সোপান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭৭১.২২- ৭০৩

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ / ০৫ মার্চ ২০২৪

বিষয়: 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপন এবং '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপন এবং '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' উদ্‌যাপন উপলক্ষ্যে ড. শাহনাজ আরেফিন *এনডিসি*, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর সভাপতিত্বে গত ০৩-০৩-২০২৪ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্ত অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ০৩ (তিন) পৃষ্ঠা।

০৫/৩/২০২৪

(মোঃ নুরুজ্জামান)
উপসচিব
☎ ৫৫০০৭৩৮১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (**সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
০৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৭। পরিচালক (সংযুক্তি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৯। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৩। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৪। পরিসংখ্যান কর্মকর্তা (সংযুক্তি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

CamScanner

"স্মার্ট পরিসংখ্যান উন্নয়নের সোপান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ শাখা
www.sid.gov.bd

**'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপন এবং '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' পালনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ০৩ মার্চ ২০২৪ বেলা ২.০০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-এ)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব এস এম সোহরাব হোসেন, সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' দিবসটি যথাযথভাবে পালনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে গত ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তমতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষ্যে এ সভা আয়োজন করা হয়েছে। এছাড়াও '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' সফলভাবে উদ্‌যাপনের বিষয়টিও এ সভার আলোচ্যসূচিতে অন্তর্ভূক্ত করা হয়েছে। এ প্রসঙ্গে তিনি আরও উল্লেখ করেন যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ক্রমিক নং-২.১ অনুসারে 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করতে হবে। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ সভায় খসড়া কার্যপত্র ও কর্মসূচির বিষয় উপস্থাপন করেন।

'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপন এবং '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' পালনের নিমিত্ত সভার আলোচনা পর্বে এ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিবসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক (রুটিন দাপ্তরিক) তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখ প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ সংক্রান্ত।** | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখ কর্ম দিবসের প্রথম ভাগে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণের সমন্বয়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরিকল্পনা মন্ত্রণালয় যদি সমন্বিতভাবে দিবস উদযাপনের আয়োজন করে থাকে তাহলে উক্ত কমিটি যোগাযোগের মাধ্যমে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখ কর্ম দিবসের প্রথম ভাগে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণের সমন্বয়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (**পরিশিষ্ট-ক**)। পরিকল্পনা মন্ত্রণালয় যদি সমন্বিতভাবে দিবস উদযাপনের আয়োজন করে থাকে তাহলে উক্ত কমিটি যোগাযোগের মাধ্যমে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

পূর্ব পৃষ্ঠার পর

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২. | **পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।** | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখে পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৮.৩০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণের অংশগ্রহণে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' তারিখে পরিসংখ্যান ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে সকাল ৮.৩০ ঘটিকায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তাগণের অংশগ্রহণে পুষ্পস্তবক অর্পণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৩ | পরিসংখ্যান ভবনে ব্যানার প্রস্তুত সংক্রান্ত | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' পালনের নিমিত্ত ০২ (দুই) টি ব্যানার (সাধারণ) প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে টাঙ্গাতে হবে। এক্ষেত্রে কালো ব্যানারের উপর সাদা লেখা রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' পালনের নিমিত্ত ০২ (দুই) টি ব্যানার (সাধারণ) প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ভবনের প্রবেশমুখে টাঙ্গানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' দিবস পালনের কমিটি এবং পরিচালক (এফএ এন্ড এমআইএস উইং) |
| ৪ | **পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' এ আয়োজিত সমন্বিত অনুষ্ঠানে অংশগ্রহণ** | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' যথাযথভাবে উদ্‌যাপনে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক যদি সমন্বিত অনুষ্ঠানের আয়োজন না করে তাহলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে নির্ধারিত সময়ে 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপনের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপনে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক যদি সমন্বিত অনুষ্ঠানের আয়োজন না করেন তাহলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো যৌথভাবে নির্ধারিত সময়ে 'ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২৪' উদ্‌যাপনের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৫ | **৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস** | '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' যথাযথভাবে উদ্‌যাপনের অংশ হিসেবে নারী দিবসের প্রতিপাদ্যকে উপজীব্য করে ভবনে ০১ (এক) টি সাধারণ ব্যানার স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | '৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪' যথাযথভাবে উদ্‌যাপনের অংশ হিসেবে নারী দিবসের প্রতিপাদ্যকে উপজীব্য করে ভবনে ০১ (এক) টি সাধারণ ব্যানার পরিসংখ্যান ভবনে স্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রশাসন-২ শাখা |

CamScanner

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



পূর্ব পৃষ্ঠার পর

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৩/২০২৪
ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.৭৭১.২২-৭৫৬

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ / ০৫ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
০৭। পরিচালক (সংযুক্তি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
০৯। সিস্টেম অ্যানালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১৩। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৪। পরিসংখ্যান কর্মকর্তা (সংযুক্তি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অফিস কপি।

০৫/০৩/২০২৪
(মোঃ নুরুজ্জামান)
উপসচিব